

কুমিল্লায় শ্রেণীকক্ষের মেঝে ধসে আহত ২০ শিক্ষার্থী

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার লাকসামে একটি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষের মেঝে ধসে পড়ায় শ্রেণীর অন্তত ২০ জন শিক্ষার্থী গুরুতর আহত হয়েছে। সোমবার দুপুরে উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ দুর্ঘটনা ঘটে। আহত শিশুদের লাকসাম উপজেলা স্বাস্থ্য কর্মসূত্রে ভর্তি করা হয়েছে।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পান্না রানী বড়ুয়া জানান, শিক্ষার্থীদের গণিত ক্লাস চলাকালীন বঠাৎ বিকট শব্দে ওই কক্ষের মেঝেটি ধসে পুকুরে তলিয়ে যায়। এ সময় শিক্ষার্থীরা পুকুরের পানিতে পড়ে হাবুডুবু খেতে থাকে। আহত হয় শান্তা, জার্নাল মাওয়া, মৌসুমী, শাকিব, পিণ্ডিকি, জেসমিন, ফারজানা-১, ফারজানা-২ হেলিয়াছ, শাওন, সাইফুল, মুক্তা আক্তার, ফাতেমা, রুমা, শোভা, রুনুর, তাসলিমা ও তাহমিনা। এদিকে অন্যান্য শ্রেণীর আতঙ্কিত শিক্ষার্থীদের চিৎকারে আশপাশের লোকজন এসে তাদের উদ্ধার করে। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সফিউল আলম, উপজেলা শিক্ষা কর্মকর্তা দেওয়ান হোসেন, উপজেলা পরিষদের ডিই-চেয়ারম্যান মহব্বত আলী ঘটনাস্থল পরিদর্শন করেন। বিকালে লাকসাম থানার ওসি (তদন্ত) নাসির উদ্দিন জানান, আহতদের সবাই আশংকানুক্ত।